

রাবিতে যৌন নিপীড়নবিরোধী মঞ্চের কর্মসূচি পণ্ড করে দিয়েছে ছাত্রদল ক্যাডাররা

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি : রাজশাহী বিশ্ববিদ্যালয়ে এক ছাত্রী ওপর যৌন নিপীড়ন চালানোর ঘটনার প্রতিবাদে গঠিত 'যৌন নিপীড়নবিরোধী মঞ্চ'-এর গত শনিবারের নির্ধারিত কর্মসূচি ছাত্রদল নেতাকর্মীদের চাপের মুখে পণ্ড হয়ে গেছে। গত শনিবার যৌন নিপীড়নবিরোধী মঞ্চ তাদের পরবর্তী কর্মসূচি ঠিক করার উদ্দেশ্যে বৈঠকে বসার কিছুক্ষণ আগে ছাত্রদল নেতাকর্মীদের চাপের মুখে তা পণ্ড হয়ে যায়। এ ছাড়াও যৌন নিপীড়নবিরোধী মঞ্চের লাগানো পোস্টার ক্যাম্পাসের বিভিন্ন স্থান থেকে ছিড়ে ফেলা হয়েছে। ছাত্রদলের ক্যাডাররা এ ঘটনা ঘটিয়েছে বলে একটি সূত্র থেকে অভিযোগ পাওয়া গেছে।

গত বৃহস্পতিবার ছাত্রদল ও পুলিশের সহযোগিতায় বিশ্ববিদ্যালয় প্রক্টর যৌন নিপীড়নবিরোধী মঞ্চের সমাবেশ পণ্ড করে দেওয়ার পর গত শনিবারের মিটিং করতে না দেওয়ার ঘটনায় ক্যাম্পাসে তীব্র সমালোচনার ঝড় উঠেছে।

এদিকে ছাত্রী ধর্ষণ অপচেষ্টার ঘটনার মূল নায়ক বাংলা তৃতীয়বর্ষের ছাত্র হিমু বর্তমানে ছাত্রদলের কয়েকজন নেতার শ্রেষ্ঠার নিয়ে ঘটনা ধামাচাপা দেওয়ার প্রচেষ্টা চালাচ্ছে। ইতিমধ্যে হিমু তার হল ছেড়ে একজন ছাত্রদল নেতার আশ্রয়ে ক্যাম্পাস সংলগ্ন কাজলা এলাকায় আশ্রয় নিয়েছে বলেও জানা যায়। এ ছাড়াও ধর্ষণের অপচেষ্টা যে ছাত্রবাসে হয়েছিল সে ছাত্রবাসের মালিক জাহিদ হোসেন এ ছাত্রীর যে ছবি তুলেছিল তা এখনো বিশ্ববিদ্যালয় প্রশাসন উদ্ধার করতে পারেনি। এমনকি এ বিষয়টি বিশ্ববিদ্যালয় প্রশাসন কর্তৃক ধামাচাপা দেওয়ার প্রচেষ্টারও অভিযোগও উঠেছে।

উল্লেখ্য, গত ১২ মে নগরীর অর্কিড ছাত্রবাসে রাবির রাষ্ট্রবিজ্ঞান প্রথমবর্ষের একজন ছাত্রী যৌন নিপীড়নের শিকার হয়। সে সময় ছাত্রবাসের মালিক জাহিদ হোসেন মেয়েটির কয়েকটি অঙ্গীল ছবি তুলেছিল।